

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-4

(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৩০

সময় : ১½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রস্তুত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) “পুরুষ মানুষের মন কেবল কথায় পাওয়া যায় না।”

— কথাটি কে, কাকে বলেছিলেন?

খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের কোন্ পরিচ্ছেদে সুমতি ও কুমতির কথোপকথন আছে?

গ) ‘ডাকঘর’ নাটকটি কবে প্রকাশিত হয়? এর কটি অধ্যায় আছে?

ঘ) ‘যে ধনীর কীর্তি নেই, হাতে কর্ম নেই’ তাদের সবচেয়ে কিসের প্রয়োজন হয়?

ঙ) রবীন্দ্রনাথ তাঁর ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধে প্রাণের স্বাভাবিক প্রবৃত্তি বলতে কি বুঝিয়েছেন?

চ) ‘সব ছবিরই দুটো দিক থাকে’— দিক দুটি কী কী?

ছ) ‘বাংলা সাহিত্যে প্রগতি’ প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

জ) ‘বাংলার ব্রত’ গ্রন্থটির রচয়িতার নাম লেখো।

২। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) “তোমার প্রতি আমার বিশেষ অনুরোধ সময় বুঝিয়া ডাকবে”— কার প্রতি, কার অনুরোধ? অসময়ে ডাকলে যে অসুবিধা হয় সেগুলি লেখো।

খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাস অবলম্বনে বঙ্কিমচন্দ্রের হাস্যরসের পরিচয় দাও।

গ) দইওয়ালার গ্রামের যে ছবি অমল কল্পনায় এঁকেছে, তা মূলতঃ শিশুর কল্পনাপ্রবণ মনের পরিচয়— আলোচনা করো।

ঘ) রবীন্দ্রনাথ রচিত ‘ডাকঘর’ নাটকের মোড়ল চরিত্রে অনুভূতিহীন ক্ষমতার দস্ত কীভাবে প্রকাশিত হয়েছে— আলোচনা করো।

ঙ) “এরূপ বিভাগ না হইলে বিপদ ঘটত”— বিভাগটি কি? অন্যথা হলে কেন বিপদ ঘটত?

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

- ক) বিষুৎ দে ‘বাংলা সাহিত্যে প্রগতি’ প্রবন্ধে সাহিত্যের প্রগতিতে যে মার্কসীয় দর্শনের কথা বলেছেন, তা সংক্ষেপে আলোচনা করো।
- খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের রোহিণী চরিত্রের গুরুত্ব আলোচনা করো।
- গ) রবীন্দ্রনাথ ঠাকুর ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধে মূলত নবীনের জয়গান গেয়েছেন— আলোচনা করো।

-----